**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 13–07–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক পিএম-জনমন এর অধীনে ত্রিপুরার জন্য মোট ১১৮ কিলোমিটার ৭৫৬ মিটার পরিমাপে ৪২টি রাস্তা তৈরির অনুমোদন দিয়েছে ।**

**(২) রাজ্যের ঐতিহ্যবাহী সাতদিন ব্যাপী খার্চি পূজা ও মেলা আগামীকাল সকাল থেকে শুরু হচ্ছে ।**

**(৩) কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লিতে একটি উচ্চ-পর্যায়ের বৈঠকে ভাইব্রেন্ট ভিলেজ কর্মসূচীর বাস্তবায়ন পর্যালোচনা করেছেন।**

**(৪) ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ ফুলো ঝানু এথলেটিক ক্লাব জয়লাভ করেছে এবং ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ উমাকান্ত কোচিং সেন্টার জয়লাভ করেছে।**

**************************************************

**PM Janaman-Tripura:**

কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রণালয় প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী মহা অভিযান অর্থাৎ পিএম-জনমন এর অধীনে ত্রিপুরার জন্য মোট ১১৮ কিলোমিটার ৭৫৬ মিটার পরিমাপে ৪২ টি রাস্তা তৈরির অনুমোদন দিয়েছে। এরজন্য ব্যয় হবে ১১৪ কোটি ৩২ লক্ষ টাকা।

*******************

**Kharchi:**

রাজ্যের ঐতিহ্যবাহী সাতদিন ব্যাপী খার্চি পূজা ও মেলা আগামীকাল সকাল থেকে শুরু হচ্ছে । চিরাচরিত  ধর্মীয় আচার অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ পুরান আগরতলার চতুর্দশ দেবতা বাড়িতে চতুর্দশ দেবতার স্নানযাত্রা পর্ব অনুষ্ঠিত হয়।  মন্দির সংলগ্ন  হাওড়া নদীতে চতুর্দশ দেবতার অবহাগনের নেতৃত্বদেন প্রধান পুরোহীত চন্তাই। পুলিশের ব্যান্ডপার্টি ও শোভাযাত্রার মধ্যে দিয়ে স্নানযাত্রা পর্ব অনুষ্ঠিত হয়। প্রচুর লোক সমাগম হয়। আগামীকাল সকাল থেকে মন্দিরে শুরু হবে সাতদিন ব্যাপি ঐতিহ্য মন্ডিত খার্চি পুজা ও মেলা।  আজ স্নানযাত্রা পর্বে উপস্থিত ছিলেন,  মেলা কমিটির চেয়ারম্যান ও বিধায়ক রতন চক্রবর্তী,  পুরান আগরতলার পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ শীল,  বিশিষ্ট সমাজসেবী অমিত নন্দী।

*******************

**Kharchi Greetings:**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু খার্চি পূজা ও উৎসব উপলক্ষে রাজ্যবাসীকে আন্তরিক অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল বলেন, খার্চি হচ্ছে ত্রিপুরার জনপ্রিয় উৎসবগুলির মধ্যে অন্যতম। খার্চি উৎসব রাজ্যবাসীর জীবনে আনন্দ, সুখ, ভালবাসা, সমৃদ্ধি ও সৌভ্রাতৃত্ব বয়ে নিয়ে আসবে বলে রাজ্যপাল শুভেচ্ছা বার্তায় উল্লেখ করেন।

ঐতিহ্যবাহী খার্চি উৎসব উপলক্ষে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহাও রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় মুখ্যমন্ত্রী বলেন, খার্চি উৎসব মহামিলনের বার্তা বহন করে চলছে। রাজ্যের নিজস্ব ঐতিহ্য ও পরম্পরাগত এই উৎসব উত্তর-পূর্বাঞ্চলের মানুষের কাছে বিশেষ পরিচিতি লাভ করেছে। জাতি জনজাতি সকল সম্প্রদায়ের এই উৎসব এখন সর্বাত্মক মিলন মেলা পরিনত হয়েছে।

এডিসি'র চেয়ারম্যান জগদীশ দেববর্মা ও মুখ্য কার্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া খার্চি পূজা উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

সারা ভারত কৃষক সভার রাজ্য সম্পাদক পবিত্র কর ও ঐতিহ্যবাহী খার্চি উৎসব উপলক্ষে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

*******************

**Special Train-Kharchi:**

রাজ্যের খার্চি উৎসব উপলক্ষে উত্তর-পূর্ব রেলওয়ে আগামীকাল থেকে আগরতলা-ধর্মনগর, আগরতলা- সাব্রুম রুটে এক জোড়া বিশেষ ট্রেন চালুর সিদ্ধান্ত নিয়েছে। এই বিশেষ ট্রেন চলবে আগামী ২১শে জুলাই পর্যন্ত। আগরতলা-ধর্মনগর রুটে এই বিশেষ ট্রেনটি থামবে যোগেন্দ্রনগর, জিরানিয়া, মুঙ্গিয়াকামী, জহরনগর, মনু, নালকাটা,পেঁচারথল ও পানিসাগর স্টেশনে। আগরতলা- সাব্রুম রুটে এই বিশেষ ট্রেনটি থামবে বিশালগড়, বিশ্রামগগঞ্জ, গর্জি, বিলোনিয়া, জোলাইবাড়ি, থাইলিক তুইসা ও মনু বাজার স্টেশনে।

*******************

**Inauguration:**

শিল্প ও বানিজ্য দপ্তরের মন্ত্রী শান্তনা চাকমা আজ ঊনকোটি জেলার পেঁচারথলে ভারতীয় স্টেট ব্যাঙ্কের একটি শাখার উদ্বোধন করেন। এটি স্টেট ব্যাঙ্কের রাজ্যে 73 তম এবং ঊনকোটি জেলার চতুর্থ শাখা।

অনুষ্ঠানে মন্ত্রী বলেন, রাষ্ট্রায়ত্ত এই ব্যাঙ্কের শাখার উদ্বোধনের ফলে জনগণের সুবিধা হবে। অনুষ্ঠানে ভারতীয় স্টেট ব্যাঙ্কের জেনারেল ম্যানেজার ধ্রুবচরণ বল, আঞ্চলিক প্রবন্ধক তমাল কিশোর দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন ।

*******************

**Panchayat Election-Salema:**

পঞ্চায়েত নির্বাচনকে কেন্দ্র করে সালেমা ব্লক এলাকায় ব্যাপক প্রস্তুতি শুরু হয়েছে। রিটার্নিং অফিসার তথা সালেমা ব্লকের বিডিও প্রীতম দেবনাথ জানিয়েছেন সালেমা ব্লক এলাকায় মোট ১০৩ টি আসন এবং সালেমা পঞ্চায়েত সমিতির ১১টি আসনে নির্বাচন অনুষ্ঠিত হবে। সালেমা ব্লকে মোট

ভোটার রয়েছে ১৮ হাজার নয়শ ২৫ জন। এরমধ্যে পুরুষ ভোটার ৯ হাজার পাঁচশ ৭১ জন এবং মহিলা ভোটার রয়েছে ৯ হাজার তিনশ ৫৪ জন। তিনি বলেন ভোটাররা যেন নিরাপদে ভোট দিতে পারেন তার জন্য সমস্ত ধরনের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে ।

*******************

**Justice Lodh on 03 new law:**

ত্রিপুরা হাইকোর্টের বিচারপতি অরিন্দম লোধ বলেছেন, নতুন তিন ফৌজদারি আইনে মামলা হওয়ার পর থেকে আদালতে পুলিশের চার্জশিট দাখিলের জন্য নির্দিষ্ট সময়সীমা বেঁধে দেওয়া হয়েছে। সহজ উপায়ে অভিযোগ জানানোর সঙ্গে বেশকিছু সুবিধারও উল্লেখ রয়েছে। আজ আগরতলায় শহীদ ভগৎ সিং যুব আবাসে অখিল ভারতীয় অধিভক্তা পরিষদের উদ্যোগে তিন ফৌজদারি আইনের ওপর আলোচনাসভা ও কর্মশালায় বিচারপতি শ্রী লোধ একথা বলেন।

*******************

**Vibrant Village:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ নতুনদিল্লিতে একটি উচ্চ-পর্যায়ের বৈঠকে ভাইব্রেন্ট ভিলেজ কর্মসূচীর বাস্তবায়ন পর্যালোচনা করেছেন। বৈঠকে শ্রী শাহ বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বে সরকার সীমান্তবর্তী গ্রামগুলির সর্বাত্মক উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ। শ্রী শাহ সীমান্ত গ্রামগুলি থেকে অভিবাসন রোধ করতে স্থানীয় বাসিন্দাদের কর্মসংস্থানের সুযোগ প্রদান এবং গ্রামের সঙ্গে সংযোগ বাড়ানোর প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি বলেন যে কেন্দ্রীয় সশস্ত্র পুলিশ বাহিনী এবং সীমান্ত গ্রামের চারপাশে মোতায়েন সেনাবাহিনীকে সমবায়ের মাধ্যমে স্থানীয় কৃষি ও হস্তশিল্পের পণ্য ক্রয়কে উৎসাহিত করতে হবে। তিনি বলেন, আশেপাশের গ্রামের বাসিন্দাদের সুবিধার জন্য সেনাবাহিনী এবং CAPF-এর স্বাস্থ্যসেবা সুবিধাগুলি নিয়মিত উপলব্ধ করা উচিত। তিনি বলেন, এইসব গ্রামে কর্মসংস্থান সৃষ্টির জন্য কেন্দ্রীয় সরকার ছয় শতাধিক প্রকল্প অনুমোদন করেছে।

*******************

**Chief Justice:**

ভারতের প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় বলেছেন যে আইনের নীতিগুলি যদি সাধারণ মানুষকে সহজ ভাষায় ব্যাখ্যা করা না যায় তবে আইনী পেশা এবং আইনী শিক্ষার ত্রুটি থেকে যাবে। লখনউতে ডঃ রাম মনোহর লোহিয়া ন্যাশনাল ল ইউনিভার্সিটির সমাবর্তনে ভাষণ দেওয়ার সময়, প্রধান বিচারপতি আঞ্চলিক ভাষায় আইন শিক্ষার প্রয়োজনীয়তার উপর জোর দেন। তিনি বলেন, আইন শিক্ষার ক্ষেত্রে আমাদের আঞ্চলিক ভাষাগুলিও বিবেচনা করা উচিত এবং আমাদের বিশ্ববিদ্যালয়গুলিতে আঞ্চলিক বিষয় সম্পর্কিত আইনও পড়ানো উচিত। প্রধান বিচারপতি আরও বলেন যে তিনি সাধারণ মানুষের জন্য বিচার প্রক্রিয়াকে আরও সহজলভ্য করতে অনেক নির্দেশ জারি করেছেন। উদাহরণস্বরূপ, ইংরেজিতে দেওয়া সুপ্রিম কোর্টের সিদ্ধান্তগুলি ভারতের সংবিধানে স্বীকৃত বিভিন্ন ভাষায় অনুবাদ করা হচ্ছে, যাতে জনসাধারণ এই সিদ্ধান্তগুলির বিষয়বস্তু বুঝতে পারে।

শ্রী চন্দ্রচূড় এবং উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ অনুষ্ঠানে ছাত্রদের ডিগ্রি বিতরণ করেন।

*******************

**Health Secretary:**

স্বাস্থ্য সচিব অপূর্ব চন্দ্র আজ জম্মু ও কাশ্মীরে অমরনাথ যাত্রার জন্য স্বাস্থ্য প্রস্তুতি পর্যালোচনা করেছেন। সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলার সময়, তিনি পিঠ্ঠু অ্যাম্বুলেন্স পরিষেবা সম্পর্কে জানান, এই ব্যবস্থায় অক্সিজেন সিলিন্ডারগুলি ঘোড়ার পিঠে করে সমগ্র যাত্রাপথে সরবরাহ করা হয়। তিনি বলেন, যাত্রার প্রথম ১৫ দিনে আড়াই লক্ষেরও বেশি ভক্ত ইতিমধ্যেই দর্শন করেছেন। তিনি জোর দিয়ে বলেন যে বেস ক্যাম্পগুলিতে খুব ভালো চিকিৎসা সুবিধা দেওয়া হয়েছে।

*******************

**BJP:**

আগরতলা টাউন হলে আজ ভারতীয় জনতা পার্টির বর্ধিত কার্যকর্তা সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য, সাংসদ বিপ্লব কুমার দেব ও অন্যান্য কর্মকর্তাগণ। প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী বিজেপি নেতা ধর্মেন্দ্র প্রধান।

পরে সংবাদ মাধ্যমের কাছে সাংসদ বিপ্লব কুমার দেব জানান, গত লোকসভা নির্বাচনে ত্রিপুরা ভারতীয় জনতা পার্টির উল্লেখযোগ্য সাফল্যের জন্য ত্রিপুরার ভারতীয় জনতা পার্টির কর্মকর্তাদের অভিনন্দন জানান। তাদের অবদানের স্বীকৃতি দেন।

বিপ্লব কুমার দেব জানান, সম্মেলনে আসন্ন ত্রিপুরা পঞ্চায়েত নির্বাচনে ভারতীয় জনতা পার্টি অংশগ্রহণ করবে এবং আগামী দুই এক দিনের মধ্যে দলীয় প্রার্থী তালিকা ঘোষনা করা হবে বলে তিনি জানান।

*******************

**Karmachari Sangha:**

ত্রিপুরা রাজ্য কর্মচারী সংঘের তৃতীয় ত্রিবার্ষিক দুদিনের রাজ্য সম্মেলন আজ থেকে আগরতলার নজরুল কলাক্ষেত্রে শুরু হয়েছে। আজ সম্মেলনে উপস্থিত ছিলেন ক্রীড়া মন্ত্রী টিংকু রায়, প্রাক্তন উপ মুখ্যমন্ত্রী জিষ্ণু দেববর্মা, রাষ্ট্রীয় কর্মচারী মহা সংঘের সর্বভারতীয় সভাপতি বিপিন ডোগরা, সাধারণ সম্পাদক বিষ্ণুপ্রসাদ ভার্মা, ভারতীয় মজদুর সংঘের সহ-সভাপতি মহেন্দ্র প্রতাপ সিং, সংগঠনের রাজ্য সাধারণ সম্পাদক অভিজিৎ বিশ্বাস, প্রভারী শঙ্কর দেব সহ অন্যান্য নেতৃবৃন্দ। সম্মেলনে নতুন কমিটি গঠন সহ কর্মচারীদের স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে বলে জানিয়েছেন সংগঠনের সর্বভারতীয় সাধারণ সম্পাদক বিষ্ণু প্রসাদ ভার্মা।

*******************

**Strike CPIM:**

এবারের পঞ্চায়েত নির্বাচনে সিপিআইএম প্রার্থী বাদল শীল এর মৃত্যুর প্রতিবাদে আগামীকাল সকাল ছয়টা থেকে ১২ ঘন্টার ত্রিপুরা বনধ ডেকেছে বামফ্রন্ট রাজ্য কমিটি। বিলোনিয়ায় গতকালে আক্রান্ত হয়েছিলেন সিপিআইএম নেতা বাদল শীল। গুরুতর আহত অবস্থায় তাঁকে আগরতলা জিবি হাসপাতালে আনা হলে আজ তার মৃত্যু হয়। আজ এক সাংবাদিক সম্মেলনে রাজ্য বামফ্রন্টের আহ্বায়ক নারায়ণ কর এই বন্ধের ঘোষণা দেন।

*******************

**CPI(M):**

বিরোধী দলনেতা তথা সিপিআইএম রাজ্য সম্পাদক জীতেন্দ্র চৌধুরী অভিযোগ করেছেন রাজ্যে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচনের কোন পরিবেশ নেই। নির্বাচন ঘোষনা হবার পর থেকে সারা রাজ্যেই নির্বাচন পূর্ব সন্ত্রাসের অভিযোগ করেন শ্রী চৌধুরী। বিভিন্ন ব্লক ও পঞ্চায়েত এলাকায় বিরোধী দলের প্রার্থীদের মনোনয়নপত্র জমা দেবার আগে বাধা দেবার অভিযোগ এনেছেন তিনি। আজ মেলারমাঠ দশরথ দেব স্মৃতি ভবনে আয়োজিত এক সাংবাদিক সন্মেলনে এই পরিস্থিতির জন্য শাসক দলকে দায়ী করেন তিনি। দলের পক্ষ থেকে নির্বাচন কমিশনারে কাছে চার দফা দাবী তুলে ধরা হয়। এগুলি হল মনোনয়নপত্র জমা দেবার সময় ৭ দিন বৃদ্ধি করা, ব্লক কার্যালয়ের পাশাপাশি প্রতিটি জেলাশাসকের কার্যালয়ে মনোনয়নপত্র জমা দেবার ব্যবস্থা করা, শুধু ব্লক কার্যালয়ের বাইরে নয়, ব্লকে আসার প্রতিটি রাস্তায় পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা করা এবং বিরোধী দলের প্রার্থীদের উপর আক্রমণকারীদের বিরুদ্ধে স্বতঃপ্রনোদিত মামলা গ্রহন করা। আজকের সাংবাদিক সন্মেলনে সিপিআই(এম) নেতা মানিক দে, সুধন দাস, পবিত্র কর প্রমুখ উপস্থিত ছিলেন ।

*******************

**Trird Division Football:**

ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় আজ উমাকান্ত কোচিং সেন্টার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় উমাকান্ত কোচিং সেন্টার ২-০ গোলে সবুজ সংঘকে হারিয়ে দেয়।

*******************

**Women Football:**

ঘরোয়া মহিলা ফুটবল লিগের খেলায় আজ ফুলো ঝানু এথলেটিক ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে সকালে অনুষ্ঠিত খেলায় ফুলো ঝানু এথলেটিক ক্লাব ৬-১ গোলে চলমান সংঘকে পরাজিত করে।

*******************

**Weather:**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ পঁয়ত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ দশমিক তিন ডিগ্রী এবং সর্বনিম্ন পঁচিশ দশমিক নয় ডিগ্রী সেলসিয়াস।

*******************

*******************